



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা



শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:


সভাপতি	খালেদ মামুন চৌধুরী এনডিসি মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২২/০৬/২০২২ খ্রি।
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	শ্রম অধিদপ্তরের সভাকক্ষ।
উপস্থিতি	শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্যগণ (কপি সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২২) প্রতিবেদন উপস্থাপন করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ৪র্থ কোয়ার্টারের বেশির ভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যে সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা যথাসম্ভব অর্জনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করণ।	নৈতিকতা কমিটির সদস্যদের সম্মতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণ ও শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	কমিটির সদস্যদের সম্মতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন অনুমোদন করা হ'ল এবং যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ ও শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক(আইসি টি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২	২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম	২.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর প্রকর্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ১০০% বাস্তবায়িত করতে হবে। এ সংক্রান্ত কার্যক্রমের প্রতিবেদন আগামী ৩০/৬/২০২২ তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।	পরিচালক (পরিকল্পনা), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

	২.৪) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা।	প্রকল্পের সম্পদ হস্তান্তর সংক্রান্ত প্রতিবেদন ছক মোতাবেক দাখিল করবে এবং এ সংক্রান্ত প্রমানক আগামী ৩০/৬/২২ খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।
--	---	---

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



খালেদ মামুন চৌধুরী এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৩০৭

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) পরিচালক, প্রশাসন, হিসাব ও সাধারণ / ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ / পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি / মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ), সালিশী শাখা, শ্রম অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর
- ৬) উপপরিচালক (চলতি দায়িত্ব), উপ-পরিচালক (ট্রেড ইউনিয়ন), শ্রম অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
- ৯) স্টাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)



মোঃ বেলাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন)